37

দৈনিক সংবাদ

তারিখ 04 NOV 1997
পৃষ্ঠা ৮ কলাম ৫

উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম

## সাঁথিয়া সম্পর্কিত প্রতিবেদনের কয়েকটি প্রতিবাদ

**কাগজ প্রতিবেদক :** গত ২০ অক্টোবর ভোরের কাগজে প্রকাশিত 'সাঁথিয়ার উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম/এনজিও পরিচালিত স্কুলের ৭০ শতাংশই কার্যত অচল' শীর্ষক প্রতিবেদনের একাংশের তথ্য সম্পর্কে প্রতিবাদ জানিয়েছে 'নিজেরা শিখি'। প্রতিবাদপত্রে ঐ খবরে সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে উল্লেখ করে জানানো হয়, তাদের প্রতিনিধিকে তাৎক্ষণিকভাবে কাশিনাথপুর ইউনিয়নে পাঠিয়ে ৪৫টি ক্লাস পরিদর্শন করে দেখা গেছে প্রত্যেকটি কেন্দ্রই যথারীতি চালু আছে। স্থানীয় চেয়ারম্যান ও টিএনও আবদুর রশিদও প্রকাশিত খবরকে মিথ্যা ও ভিত্তিহীন উল্লেখ করে তিনি অদ্যৌ বরাট গ্রামে ক্লাস পরিদর্শনে যাননি বলে 'নিজেরা শিখি'র প্রতিনিধিকে জানিয়েছেন। প্রতিবাদপত্রের সঙ্গে কাশিনাথপুর ইউপি চেয়ারম্যান ও উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক সান্ত্বনা সাহার প্রত্যয়নপত্রও সংযুক্ত করা হয়।

এছাড়া পৃথক এক প্রতিবাদপত্রে ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ জানিয়েছে, সাঁথিয়ায় সংগঠনের ৯০টি কেন্দ্র পরিচালনা ও এর ১১টি চলছে না বলে প্রতিবেদনে যা উল্লেখ করা হয়েছে তা মিথ্যা ও ভিত্তিহীন। বলা হয়, সদর ও ধোঁপাদহ ইউনিয়নে ৯০টি নয়, ৭৫টি কেন্দ্র পরিচালিত হচ্ছে।

'স্বনির্ভর বাংলাদেশ' ও এক প্রতিবাদপত্রে জানিয়েছে, তাদের কেন্দ্রগুলো সুষ্ঠুভাবে ও চাহিদা অনুযায়ী পরিচালিত হচ্ছে।